

কক্সবাজারের পথে ‘পর্যটক এক্সপ্রেস’

- A Monitor Desk Report

Date: 10 January, 2024



মাসখানেক আগেই রাজধানীসহ সারাদেশের সঙ্গে রেলপথে যুক্ত হয় পর্যটন নগরী কক্সবাজার। গত ১ ডিসেম্বর প্রথমবারের মতো চালু হয় ‘কক্সবাজার এক্সপ্রেস’ ট্রেন। ঠিক এক মাসের মাথায় সেই পালে লাগলো নতুন হাওয়া। যাত্রা শুরু করলো আরেকটি ট্রেন। পর্যটন নগরীর নামেই যার নাম দেওয়া হয়েছে ‘পর্যটক এক্সপ্রেস’।

ঘন কুয়াশার মধ্যেই বুধবার (১০ জানুয়ারি) সকাল সোড়া ৬টার দিকে রাজধানীর কমলাপুর রেলওয়ে স্টেশন থেকে প্রথমবারের মতো যাত্রী নিয়ে ঢাকা থেকে কক্সবাজার আইকনিক রেলওয়ে স্টেশনের উদ্দেশে ছেড়ে যায় ‘পর্যটক এক্সপ্রেস’। ট্রেনটি কক্সবাজার পৌঁছাবে বিকেল ৩টার দিকে।

‘পর্যটক এক্সপ্রেস’র প্রথম যাত্রায় ১৬টি বগিতে যাত্রী রয়েছেন ৭৮০ জন। যাত্রী ও সংশ্লিষ্টদের প্রত্যাশা, রেলপথে চলাচলে নিরাপত্তা ও উন্নত সেবা নিশ্চিত করা হোক।

পর্যটক এক্সপ্রেস ট্রেনের সময়সূচি

কক্সবাজার স্টেশন থেকে ৮১৫ নম্বর ট্রেন রাত ৮টায় ছেড়ে চট্টগ্রাম স্টেশনে পৌঁছাবে রাত ১০টা ৫০ মিনিটে। ২৫ মিনিট বিরতি দিয়ে ট্রেনটি চট্টগ্রাম স্টেশন ছাড়বে রাত ১১টা ১৫ মিনিটে। এরপর বিরতিহীনভাবে ঢাকা (কমলাপুর) রেলওয়ে স্টেশনে পৌঁছাবে ভোর সাড়ে ৪টায়।

অন্যদিকে ৮১৬ নম্বর ট্রেন কমলাপুর রেলওয়ে স্টেশন থেকে ভোর ৬টা ১৫ মিনিটে ছেড়ে বিমানবন্দর স্টেশনে পৌঁছাবে ভোর ৬টা ৩৮ মিনিটে। সেখানে ৫ মিনিট বিরতি দিয়ে ভোর ৬টা ৪৩ মিনিটে বিমানবন্দর স্টেশন ছাড়বে। এরপর বিরতিহীনভাবে চট্টগ্রাম পৌঁছাবে বেলা ১১টা ২০ মিনিটে। সেখানে ২০ মিনিট বিরতি দিয়ে বেলা ১১টা ৪০ মিনিটে চট্টগ্রাম স্টেশন ছাড়বে। কক্সবাজার স্টেশনে পৌঁছাবে বিকেল ৩টায়।

এক্ষেত্রে ঢাকা থেকে কক্সবাজার যাত্রাপথে ট্রেনে মোট সময় লাগবে ৯ ঘণ্টা ১৫ মিনিট। কক্সবাজার থেকে ঢাকা যাত্রাপথে সময় লাগবে ৮ ঘণ্টা ৩০ মিনিট।

পর্যটক এক্সপ্রেস ট্রেনের ভাড়া

রেলওয়ে সূত্রে জানা গেছে, ঢাকা থেকে কক্সবাজারের নন-এসি শ্রেণির 'শোভন চেয়ার' আসনের ভাড়া ৬৯৫ টাকা। এসি শ্রেণির 'স্লিপার' আসনের ভ্যাটসহ ভাড়া ১ হাজার ৩২৫ টাকা। ঢাকা থেকে চট্টগ্রাম স্টেশনের নন-এসি শ্রেণির 'শোভন চেয়ার' আসনের ভাড়া ৪৫০ টাকা এবং এসি শ্রেণির 'স্লিপার' আসনের ভ্যাটসহ ভাড়া ৮৫৫ টাকা।

এছাড়া চট্টগ্রাম থেকে কক্সবাজার স্টেশন পর্যন্ত নন-এসি শ্রেণির 'শোভন চেয়ার' আসনের ভাড়া ২৫০ টাকা। এসি শ্রেণির 'স্লিপার' আসনের ভ্যাটসহ ভাড়া ৪৭০ টাকা নির্ধারণ করা হয়েছে।

কক্সবাজার থেকে ফিরতি পথেও একই ভাড়ার হার কার্যকর হবে।

পর্যটক এক্সপ্রেস ট্রেনের রেকে থাকবে মোট ১৬টি কোচ। মোট আসন ৭৮৫টি। কক্সবাজার রেলস্টেশনকে ট্রেনের রেক বেইজ ধরা হয়েছে। সেখানেই ট্রেনের ওয়াটারিং, সার্ভিসিং ও ক্লিনিং করা হবে। পর্যটক এক্সপ্রেস ট্রেনের সাপ্তাহিক বন্ধ রবিবার।

-B